দৈনিক খবর

তারিখ .. 04 NOV 1992 ..
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

119

ছাত্র ইউনিয়ন

# এসএসসি পরীক্ষার চলতি পদ্ধতি '৯৩ সালের জন্য বহাল রাখার আহবান

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন এসএসসি পরীক্ষার চলতি পদ্ধতি '৯৩ সালের জন্য বহাল রেখে '৯৪ সাল থেকে নতুন পদ্ধতি চালু করার জন্য সরকারের নিকট আহবান জানিয়েছে। গতকাল মঙ্গলবার এসএসসি পরীক্ষা প্রশ্নে উদ্ভূত পরিস্থিতির ব্যাপারে ছাত্র ইউনিয়ন আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ আহবান জানানো হয়। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সরদার রোহিন হোসেন প্রিন্স। এছাড়া অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন লতিফুল বারী হামীম, সরকার রকিবউদ্দিন, ফারুক চৌধুরী ও আমিনুর রহমান। সাংবাদিক সম্মেলনে তারা বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের ভুল সিদ্ধান্তের কারণে সারাদেশে স্কুল ছাত্রদের মধ্যে ব্যাপক প্রতিক্রিয়া বিক্ষোভ সমাবেশ ভাঙচুর ইত্যাদি ঘটনা ঘটেছে এবং এগুলো দমনের জন্য সরকার স্কুল ছাত্রদের গ্রেফতার নির্যাতনের পথ বেছে নিয়েছে। নেতৃবৃন্দ বলেন, পরীক্ষার মান বজায় রাখার জন্য সারা বই থেকে নৈর্ব্যক্তিক ও রচনামূলক উভয় বিভাগেই পাস করতে হবে এবং নৈর্ব্যক্তিক বিভাগের জন্য সারা বই থেকে প্রশ্ন থাকতে হবে, তবে যেহেতু '৯৩ সালের এসএসসি পরীক্ষা খুব নিকটে এবং অনেক স্কুলে ইতিমধ্যেই নির্বাচনী পরীক্ষা শুরু হয়েছে সেহেতু '৯৩ সালের পরীক্ষার্থীরা মানসিকভাবে নতুন পরীক্ষা পদ্ধতির জন্য তৈরী নয়। এ কারণেই '৯৩ সালের জন্য সরকারের নতুন সিদ্ধান্ত স্থগিত রেখে '৯৪ সাল থেকে এ পদ্ধতি চালু করা হোক।